

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ১৫ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১০.৩০ মিনিট।
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ০২ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, এ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৯.৪ কার্যক্রমে উদ্ভাবনী কার্যক্রমের স্থায়ী প্রবর্তনের ব্যবস্থাকরনের নির্দেশনা রয়েছে। তিনি আরো বলেন যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সেবাটি ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়ন করে ২০১৮-২০১৯ অর্থবছর হতে অনলাইনে আবেদন গ্রহণসহ বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল লেনদেন 'নগদ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বিদ্যমান নীতিমালাটিও সংশোধন করা হয়েছে। এই সেবাটি myGov এর "একসেবা" তে অন্তর্ভুক্ত করে ২০২০-২০২১ অর্থবছর হতে স্থায়ীভাবে Online এ বাস্তবায়ন করা যেতে পারে। অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা হতে প্রাপ্ত ০৬ টি উদ্ভাবনী উদ্যোগ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অতঃপর ডিসেম্বর মাসের উদ্ভাবন কার্যক্রম সম্পর্কিত Monthly Activities Execution Celender টি সভায় উপস্থাপন করেন এবং কার্যক্রমগুলির অগ্রগতির বিষয়ে সভাপতিকে অবহিত করেন। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

- ৩.১ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদান প্রদান কাজটি Online এ স্থায়ীভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটের ইনোভেশন কর্নারের সকল তথ্য আপলোড ও হালনাগাদ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-


(মোঃ হাসানুল ইসলাম, এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও
চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০.১৪৯

তারিখ: ৩০ অগ্রহায়ন ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
৩. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব (বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৫৮
apashed17@gmail.com